

১২

ডাকসু সাহিত্য সপ্তাহের পুরস্কার বিতরণী

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ডাকসু বিশ্ববিদ্যালয়ের ডাইস-চার্সেলর প্রফেসর ফজলে হালিম চৌধুরী লেখাপড়া ও সাহিত্য-সংস্কৃতি চর্চায় বিভিন্ন কর্ম-কান্ডে বিশ্ববিদ্যালয়ের অর্ন্তীত ঐতিহ্যকে স্মরণ করার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বৃথার টিএসসিতে ডাকসু আয়োজিত সাহিত্য সপ্তাহ '৪১-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতির ভাষণে এ আহ্বান জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ডাকসুর কেরাখান ডাঃ সিরাজুল ইসলাম চৌধুরী, সহ-সভাপতি জনাব মাহমুদুর রহমান মান্না ও সভাবণ সম্পাদক জনাব আখতারুজ্জামান।

ডাকসুর সভাপতি প্রফেসর চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে বিভিন্ন সময়ে সাহিত্য-সংস্কৃতি চর্চার ক্ষেত্রে যে ব্যাপকতা ছিল ইদানীং তা লক্ষ্য করা যাচ্ছে না। তিনি আরও বলেন, বিভিন্ন সমস্যা ও প্রতিবন্ধতার মধ্যে দিয়েই সামনে এগিয়ে যেতে হবে।

ডাঃ সিরাজুল ইসলাম চৌধুরী তার বক্তৃতায় জানান, জনস্বামী মাসের প্রথম সপ্তাহে ডাকসু বিশ্ববিদ্যালয় গাথ সংস্থা চালু করা হবে। এ সংস্থা থেকে বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকগণ তাদের প্রয়োজনীয় বইপত্র ক্রয় করতে পারবেন।

জনাব মাহমুদুর রহমান মান্না ও জনাব আখতারুজ্জামান উভয়েই তাদের বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতিতে গভীর উৎসাহ প্রকাশ করেন।

সাহিত্য সপ্তাহের প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ডাইস-চার্সেলর প্রফেসর ফজলে হালিম চৌধুরী। শেষ পর্বে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান ও নাটক। উল্লেখ্য, এ সাহিত্য সপ্তাহ শরৎ হইল গত ২৬শে ডিসেম্বর শনিবার থেকে।